জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি সংক্রান্ত সংশোধিত সময়সূচি ও নির্দেশিকা

ক্র:	বিবরণ	সময়সূচি
১.	A, B, C, C1, D ও E ইউনিটের জন্য অনলাইনে বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ (F, G, H ও I ইউনিটের Choice Form পূরণের প্রয়োজন নেই)। সাক্ষাৎকার/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষার্থীদের পূরণকৃত বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) অবশ্যই print করে নিয়ে আসতে হবে।	০১-১২-২০১৯ এবং ০২-১২-২০১৯ তারিখ (ইতিপূর্বে যারা বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) পূরণ করেছেন তাদের পুনরায় Choice Form পূরণের প্রয়োজন নেই)
২.	**চারুকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ।** ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় শিক্ষার্থীদের পূরণকৃত বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (Choice Form) অবশ্যই print করে নিয়ে আসতে হবে।	০৪-১২-২০১৯ তারিখ
৩.	লিখিত/ব্যবহারিক পরীক্ষায় নির্বাচিত শিক্ষার্থীদের সংশ্লিষ্ট ইউনিট অফিসে সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষা গ্রহণ। সাক্ষাৎকার/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের সময় এস.এস.সি.ও এইচ.এস.সি./সমমান-এর মূল **সনদপত্র এবং নম্বরপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে।**	০৮-১২-২০১৯, ১০-১২-২০১৯, ১১-১২-২০১৯ এবং ১২-১২-২০১৯ তারিখ
৪.	মুক্তিযোদ্ধা কোটায় (সন্তান/নাতি-নাতনি), ক্ষুদ্র নৃগোষ্ঠী ও অনগ্রসর সম্প্রদায় এবং দলিত সম্প্রদায় কোটায়, প্রতিবন্ধী কোটায়, খেলোয়াড় কোটায় (বিকেএসপি এবং জাতীয় দলের খেলোয়াড় এমন শিক্ষার্থী), পোষ্য কোটায় ভর্তির জন্য প্রাথমিক আবেদন ফরম নির্দেশনা অনুযায়ী পূরণ।	০৮-১২-২০১৯ থেকে ১৫-১২-২০১৯ তারিখ পর্যন্ত
৫.	বিভিন্ন কোটায় অনলাইনে পূরণকৃত প্রিন্টেড আবেদন ফরমের সাথে কোটার স্বপক্ষে প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট সনদপত্র/ প্রত্যয়নপত্রের ফটোকপি সংযুক্ত করে শিক্ষা শাখায় জমা।	১৭-১২-২০১৯ থেকে ১৯-১২-২০১৯ তারিখ পর্যন্ত (সকাল ৯.০০ থেকে বেলা ৩.০০ টা পর্যন্ত)
৬.	ইউনিট অফিস কর্তৃক চূড়ান্ত মেধা তালিকা প্রকাশ।	১৮-১২-২০১৯ তারিখ
৭.	ইউনিট অফিস কর্তৃক চূড়ান্ত মেধা তালিকা শিক্ষা শাখা এবং আইআইটি'তে প্রেরণ (Printed copy & soft copy)।	১৮-১২-২০১৯ তারিখ
৮.	মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	২৯-১২-২০১৯ থেকে ০৬-০১-২০২০ তারিখ পর্যন্ত
৯.	**অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য নিম্নোক্ত কাগজপত্র শিক্ষা শাখায় জমা।** (ভর্তিকৃত শিক্ষার্থীকে **ডাউনলোডকৃত ফরমের সাথে** এস.এস.সি.ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র এবং নম্বরপত্র** ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের মেডিক্যাল সেন্টার হতে সংগৃহীত মেডিক্যাল সনদপত্র বিভাগ কর্তৃক সত্যায়নপূর্বক প্রত্যেকটির **১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সংযুক্ত করে** সংশ্লিষ্ট বিভাগীয় সভাপতি এবং ডীন/পরিচালক-এর মাধ্যমে রেজিস্ট্রার অফিসের শিক্ষা শাখায় জমা দিতে হবে। **নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত কাগজপত্র জমা না দিলে ভর্তি বাতিলপূর্বক আসন শূণ্য ধরে পরবর্তী মেধা তালিকা থেকে উক্ত শূণ্য আসন পূরণ করা হবে।**)	০৫-০১-২০২০ থেকে ০৯-০১-২০২০ তারিখ পর্যন্ত (সকাল ৯.০০ থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত)
১০.	শূন্য আসনের তালিকা প্রকাশ।	১৪-০১-২০২০ তারিখ
১১.	ইউনিট অফিস কর্তৃক 'ভর্তিকৃত শিক্ষার্থীদের' মাইগ্রেশনের তালিকা প্রকাশ।	১৫-০১-২০২০ তারিখ
১২.	ইউনিট অফিস কর্তৃক ২য় মেধা তালিকা প্রকাশ।	১৬-০১-২০২০ তারিখ
১৩.	২য় ধাপে প্রকাশিত মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	২০-০১-২০২০ এবং ২১-০১-২০২০ তারিখ
১৪.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ২য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের জন্য **৯ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা।**	২২-০১-২০২০ তারিখ (সকাল ৯.০০ থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত)
১৫.	ইউনিট অফিস কর্তৃক 'ভর্তিকৃত শিক্ষার্থীদের' ২য় ধাপে মাইগ্রেশনের তালিকা প্রকাশ।	২৬-০১-২০২০ তারিখ
১৬.	আসন শূন্য থাকা সাপেক্ষে ইউনিট অফিস কর্তৃক ৩য় ধাপে মেধা তালিকা প্রকাশ।	২৭-০১-২০২০ তারিখ
১৭.	৩য় ধাপে প্রকাশিত মেধা তালিকা থেকে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	২৮-০১-২০২০ এবং ২৯-০১-২০২০ তারিখ
১৮.	অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের জন্য **৯ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা।**	০২-০২-২০২০ তারিখ (সকাল ৯.০০ থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত)
১৯.	৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের পর শূন্য আসনের তালিকা ও 'ভর্তিকৃত শিক্ষার্থীদের' মাইগ্রেশনের তালিকা প্রকাশ।	০৪-০২-২০২০ তারিখ
২০.	৩য় ধাপে ভর্তি নিশ্চিতকরণের পর প্রকাশিত শূন্য আসনের বিপরীতে ভর্তির জন্য ইউনিট অফিসে সশরীরে উপস্থিত ভর্তিচ্ছুক শিক্ষার্থীদের নিকট হতে আবেদনপত্র গ্রহণ।	০৫-০২-২০২০ তারিখ (সকাল ৯.০০ থেকে দুপুর ১২.০০ টা পর্যন্ত)
২১.	শূন্য আসনে ভর্তিচ্ছুক আবেদনকারী শিক্ষার্থীদের মেধা ও পছন্দক্রম অনুযায়ী অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকরণ।	০৯-০২-২০২০ তারিখ
২২.	শূন্য আসনে অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্নের পর ভর্তি নিশ্চিতকরণের জন্য **৯ ক্রমিকের নির্দেশনা অনুযায়ী কাগজপত্র শিক্ষা শাখায় জমা।**	১০-০২-২০২০ তারিখ (সকাল ৯.০০ থেকে বিকেল ৪.০০ টা পর্যন্ত)
২৩.	ক্লাস শুরুর সম্ভাব্য তারিখ।	১৭-০২-২০২০

বি:দ্র: উপরে উল্লিখিত তারিখ ও সময়সূচির প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধনের সকল ক্ষমতা বিশ্ববিদ্যালয় সংরক্ষণ করে।

আবেদন করার নিয়মাবলি (মেধা তালিকা থেকে ভর্তির ক্ষেত্রে):

ক) নির্ধারিত সময়সীমার মধ্যে ভর্তির জন্য যোগ্য শিক্ষার্থীকে ভর্তির যাবতীয় ফি ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের **রকেট** একাউন্ট থেকে ভর্তি সম্পর্কিত **Biller ID 343** তে জমা দিতে হবে। উপরোক্ত সকল ফি এর সাথে ২০/-(বিশ) টাকা মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

খ) ju-admission.org ওয়েবসাইট থেকে **"অনলাইন আবেদন"** মেনুতে ক্লিক করে **ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন** (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল) নম্বর দিয়ে লগইন করুন। এরপর **"আবেদন ফরম"** মেনুতে ক্লিক করে সঠিক রকেট ট্রানজেকশন আইডি প্রদান করলে আবেদন ফরমটি আসবে।

গ) অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং এস.এস.সি.ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র এবং নম্বরপত্র** (সকল সনদপত্র **PDF/JPG ফরম্যাটে** এবং ফাইল সাইজ ৮০০ **KB** এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে।

ঘ) আবেদনটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যাচাই-বাছাই করবে এবং সকল তথ্য সঠিক থাকলে পরবর্তীতে আবেদনকারীর মোবাইলে এসএমএস-এর মাধ্যমে জনানো হবে।

পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড :

ঙ) এসএমএস পাওয়ার পর ju-admission.org ওয়েবসাইট থেকে পুনরায় লগইন করে **"আবেদন ফরম ডাউনলোড"** মেনুতে ক্লিক করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড/প্রিন্ট করে নির্ধারিত সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী অন্যান্য কাগজপত্রসহ শিক্ষা শাখায় জমা দিতে হবে।

বিদ্র: নেটওয়ার্ক সমস্যা/অন্য কোন কারণে এসএমএস না পেলেও সকল তথ্য সঠিক থাকলে যথাসময়ের মধ্যে লগইন করে পূরণকৃত আবেদন ফরম ডাউনলোড করতে হবে।

প্রাথমিকভাবে বিভিন্ন কোটায় আবেদন করার নিয়মাবলি:

ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্ট থেকে অথবা এজেন্টের **রকেট** একাউন্ট থেকে ২০০/- টাকা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভর্তি সম্পর্কিত **Biller ID 343** তে জমা দিতে হবে। পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি **SMS**-এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট www.ju-admission.org এর **"অনলাইন আবেদন"** মেনুতে ক্লিক করে **ভর্তি পরীক্ষার রোল নম্বর ও এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন** (IGCSE/A Level এর ক্ষেত্রে এইচ.এস.সি'র রেজিস্ট্রেশন নম্বরের পরিবর্তে ভর্তি পরীক্ষার আবেদন করার সময় প্রদেয় মোবাইল) নম্বর দিয়ে লগইন করুন। এরপর **"কোটা ফরম"** মেনুতে ক্লিক করে সঠিক রকেট ট্রানজেকশন আইডি প্রদান করলে কোটা আবেদন ফরমটি আসবে। অনলাইন আবেদন ফরমের আনুষঙ্গিক তথ্যসমূহ সঠিকভাবে পূরণ করতে হবে এবং সংশ্লিষ্ট কোটার স্বপক্ষে প্রমাণস্বরূপ সনদপত্র/প্রত্যয়নপত্র (**PDF/JPG ফরম্যাটে** এবং ফাইল সাইজ ৮০০ **KB** এর বেশী নয়) স্ক্যান করে আপলোড করে **Submit** করতে হবে এবং ডাউনলোড করে প্রিন্টেড কপি সংশ্লিষ্ট সনদপত্র/প্রত্যয়নপত্রসহ নির্দিষ্ট সময়সীমার মধ্যে নির্দেশনা অনুযায়ী শিক্ষা শাখায় জমা দিতে হবে।

DBBL মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে টাকা জমাদানের প্রক্রিয়া নিম্নরূপ:

i) ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং রকেট একাউন্টের মূল মেনুতে প্রবেশের জন্য ***৩২২#** ডায়াল করতে হবে।

ii) Bill Pay নির্বাচন করতে হবে।

iii) অতঃপর নিজের পেমেন্ট হলে 1. Self অথবা অন্য কারো জন্য পেমেন্ট করলে 2. Other নির্বাচন করতে হবে। 2. Other নির্বাচন করলে যার জন্য পেমেন্ট করা হচ্ছে তার মোবাইল নম্বর দিতে হবে।

iv) অতঃপর **0. Other** নির্বাচন করতে হবে। এরপর Biller ID হিসেবে **343** টাইপ করতে হবে।

v) Bill Number হিসেবে আবেদনকারীর **ভর্তি পরীক্ষার রোল নম্বর** টাইপ করতে হবে।

vi) Amount হিসেবে **নির্ধারিত আবেদন ফি** টাইপ করতে হবে।

vii) এবার DBBL মোবাইল ব্যাংকিং রকেট PIN টাইপ করতে হবে।

viii) পেমেন্ট প্রক্রিয়া শেষ হলে আবেদনকারীর বা এজেন্টের মোবাইলে ফিরতি SMS এর মাধ্যমে একটি Transaction ID (Txnid) আসবে। ঐ Transaction ID টি সযত্নে সংরক্ষণ করতে হবে।

বিশেষ জ্ঞাতব্যঃ

১. আসন সংখ্যার সর্বোচ্চ ১০ (দশ) গুন প্রার্থীর সাক্ষাৎকার নেয়া হবে। সাক্ষাৎকারের বিস্তারিত সময়সূচি, বিভিন্ন ধাপে মেধা তালিকা এবং বিভিন্ন ধাপে মাইগ্রেশনের তালিকা ইউনিট অফিসের নোটিশ বোর্ড, ভর্তি সম্পর্কিত ওয়েবসাইট **www.ju-admission.org** এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.juniv.edu** এ পাওয়া যাবে। এছাড়াও ভর্তি পরীক্ষায় অনলাইন রেজিস্ট্রেশনের সময় শিক্ষার্থীদের প্রদত্ত মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে জানানো হবে।

২. সাক্ষাৎকারের জন্য নির্বাচিত শিক্ষার্থীদের সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে **Admission Test Roll No.** ও **এইচ.এস.সি./সমমানের রেজিস্ট্রেশন নম্বর** দিয়ে **Log in** করে অনলাইনে বিষয়ভিত্তিক পছন্দক্রমের ফরম (**Choice Form**) পূরণ করতে হবে।

৩. সাক্ষাৎকারের সময় শিক্ষার্থীকে এস.এস.সি.ও এইচ.এস.সি./সমমান-এর **মূল সনদপত্র এবং নম্বরপত্র** ও ভর্তি পরীক্ষার মূল প্রবেশপত্র সাথে আনতে হবে।

৪. প্রার্থী অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়ে থাকলে ভর্তির প্রমাণপত্র সাথে আনতে হবে।

৫. কোন প্রার্থীর একাধিক ইউনিট/ইনস্টিটিউটে একই সময়ে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হলে প্রার্থী ইউনিট/ইনস্টিটিউটের ডিন/পরিচালকের কাছে লিখিতভাবে আবেদন করে সময় ও তারিখ সমন্বয় করে নিতে পারবে।

৬. উপরের বর্ণিত সময়সূচি অনুযায়ী C1-ইউনিটের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগ এবং চারুকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষার সময় প্রয়োজনীয় সরঞ্জামাদি সঙ্গে আনতে হবে।

৭. মাইগ্রেশন (ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগ পরিবর্তন) শুধুমাত্র **A, B, C, D এবং E** ইউনিটের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৮. বিভিন্ন কোটায় ভর্তির কার্যক্রম পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে।

৯. ভর্তি সম্পর্কিত যে কোন প্রয়োজনে **০১৩১০৪২৬৪৪৪ ও ০১৩১০৪২৬৪৪৫ মোবাইল** নম্বরে (**সকাল ১০.০০ টা হতে রাত ৭.০০ টা পর্যন্ত**) **যোগাযোগ করা যাবে**।

স্বাক্ষরিত/- (মো. আবু হাসান)
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি